

Visit of External Affairs Minister to New York to chair India's Presidency Initiatives in the UN Security Council (16-19 August 2021)

August 15, 2021

রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে ভারতের সভাপতিত্ব উদ্যোগের পৌরহিত্য করার জন্য বিদেশমন্ত্রীর নিউ ইয়র্ক সফর (16-19 অগস্ট 2021)

অগস্ট 15, 2021

রাষ্ট্র পুঞ্জের নিরাপত্তা পরিষদ (ইউএনএসসি)-এ ভারতের সভাপতিত্বের মেয়াদকালে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর নিউ ইয়র্ক সফর করবেন এবং 18 ও 19 শে অগস্ট দুটি উচ্চপর্যায়ের সাক্ষর অনুষ্ঠানের পৌরহিত্য করবেন। প্রথমটি অনুষ্ঠিত হবে অগস্ট 18, 2021 -এ এবং এর আলোচ্য সূচি হল ' রক্ষাকারীদের রক্ষাকরা: প্রযুক্তি এবং শান্তিরক্ষা '-র উপরে প্রকাশ্য বিতর্ক। অন্যদিকে 19শে অগস্ট 2021-এ ' সন্ত্রাসবাদী কর্মকান্ডের কারণে আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষায় বিপদের আশঙ্কা ' র উপরে একটি উচ্চ পর্যায়ের বিবরণী পাঠ। ইউএনএসসি-র মেয়াদকালে এই দুটি বিষয়ই হল ভারতের জন্য অগ্রাধিকার।

2. আধুনিক প্রযুক্তির সরঞ্জাম ব্যবহারের মাধ্যমে শান্তিরক্ষী বাহিনীর সুরক্ষা ও নিরাপত্তা বাড়ানো এবং প্রভাবশালী ও কার্যকরীভাবে শান্তিরক্ষা মিশনের অনুশাসনকে বলবৎ করার ক্ষেত্রে সাহায্য করা সহ ' রক্ষাকারীদের রক্ষাকরা ' এই মূলভাবের উপরে প্রকাশ্য বিতর্কটি কেন্দ্রীভূত। এই পরিপ্রেক্ষিতে ভারত, রাষ্ট্রপুঞ্জের সাথে একযোগে ইউনাইটেড অ্যাওয়ার (UNITE AWARE) প্ল্যাটফর্ম চালু করবে, যেটি, শান্তিরক্ষা পরিচালনা কেন্দ্রকে সঠিক সময়ের ভিত্তিতে সংঘর্ষের এলাকার বাস্তব পরিস্থিতিতে দৃষ্টিগোচর ও বিশ্লেষণ করার জন্য একটি পরিস্থিতি সচেতন সফটওয়্যার প্রোগ্রাম। এই প্রোজেক্টের লক্ষ্য হল, উপসর্গহীন বিপদের আশঙ্কাকে সনাক্ত করার জন্য আধুনিক নজরদারী প্রযুক্তির প্রভাবকে প্রদর্শন করা। এর উদ্দেশ্য হল ইউএন শান্তিরক্ষাকারীদের শিবিরের নিরাপত্তা, সামগ্রিক সুরক্ষা পরিস্থিতি এবং পরিস্থিতিগত সচেতনতার গুণগত মানের উন্নতি সাধন। ভারত প্রারম্ভিকভাবে চারটি ইউ এন শান্তিরক্ষা মিশনে ইউনাইটেড অ্যাওয়ার প্ল্যাটফর্ম চালু করার জন্য ইউএন-এর সাথে অংশীদার হয়েছে; সেগুলি হল, এমইউএনআইএসএমএ (মালি), ইউএনএমআইএসএস (দক্ষিণ সুদান), ইউএনএফআইসিওয়াইপি (সাইপ্রাস), এবং এমআইএসওএম (সোমালিয়া)।

3. আশা করা যাচ্ছে যে এই সফরকালে ভারত সরকার এবং ইউএন-এর মধ্যে ' শান্তিরক্ষায় প্রযুক্তির জন্য অংশীদারি ' উদ্যোগকে সমর্থন করার জন্য একটি মৌ (MOU) স্বাক্ষরিত হবে। এই মৌ-এর জন্য নির্বাহী সংস্থাগুলি হবে সেন্টার ফর ইউএন পিসকিপিং (সিইউএনপিকে - ভারতের তরফে) এবং ইউএন-এর তরফ থেকে এনটেবে(উগান্ডা)স্থিত ইউএনসি4আইএসআর (UN C4ISR)একাডেমী ফর পিস অপারেশন (কমান্ড, কন্ট্রোল, কমিউনিকেশন, কম্পিউটারস, ইন্টেলিজেন্স,সার্ভিল্যান্স অ্যান্ড রিকনিসনস)।

4. 19 শে অগাষ্ট, বিদেশমন্ত্রী, ' সন্ত্রাসবাদী কর্মকাণ্ডের কারণে আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষায় বিপদের আশঙ্কা 'আলোচ্য বিষয়াধীনে আইএসআইএল/ দায়েশ দ্বারা হুমকির বিষয়ে উপর ইউ এন মহাসচিবের ষাণ্মাসিক বিবরণী পাঠের অধিবেশনে পৌরহিত্য করবেন।

5. বিদেশমন্ত্রী তার এই সফরকালে ইউএনএসসি উচ্চ পর্যায়ের অনুষ্ঠানের বাইরে অন্যান্য সদস্য দেশের বিদেশমন্ত্রীদের সাথে দ্বিপাক্ষিক বৈঠকও করবেন।

নিউ দিল্লি

অগাষ্ট 15, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.